



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 17
Class - 2

Subject : Bengali Text
Topic : আমাদের দেশ

Date : 09.10.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) দেশ সম্বন্ধে সুজয়ের বাবা সুজয়কে কী বলেছিলেন?

উঃ দেশ সম্বন্ধে সুজয়ের বাবা সুজয়কে বলেছিলেন বড়ো হয়ে যখন তুমি গোটা ভারতবর্ষ ঘুরবে তখন বুঝবে এমন সুন্দর দেশ পৃথিবীতে খুব কমই আছে। কত পাহাড়, কত বন, কত নদী, কত শহর। আর সব চাইতে বড়ো কথা কত রকমের মানুষ। যতই দেখবে ততই দেশকে আর দেশের মানুষকে ভালোবাসতে শিখবে।

২) সুজয়ের গ্রাম কোন্ জেলায়, কী উপলক্ষে সে গ্রামে গিয়েছিল এবং গ্রামের বাড়িতে গিয়ে কাদের সঙ্গে সুজয়ের পরিচয় হয়েছিল ও তাদের সঙ্গে সুজয় কতদিন একসঙ্গে কাটিয়েছিল?

উঃ সুজয়ের গ্রাম বর্ধমান জেলায়। দিদির বিয়ে উপলক্ষে সে গ্রামে গিয়েছিল। গ্রামের বাড়িতে গিয়ে সুজয়ের খুড়তুতো, জেঠতুতো, মামাতো, পিসতুতো, মাসতুতো ভাই-বোনদের সাথে সুজয়ের পরিচয় হয়েছিল। তাদের সঙ্গে সুজয় আট - দশ দিন একসঙ্গে কাটিয়েছিল।

৩) দেশের মানুষ সম্বন্ধে সুজয়ের বাবা সুজয়কে কী বলেছিলেন?

উঃ দেশের মানুষ সম্বন্ধে সুজয়ের বাবা সুজয়কে বলেছিলেন, এত বড়ো দেশের কত মানুষকে তুমি জানো না। তাদের তুমি চেনোও না। একবার জানলে চিনলে তারাও তোমার আপন হয়ে যাবে। দূরে থাকলেই পর, কাছে এলেই সবাই আপন।

_____ x _____

Rita Das